f¢Ÿ0Qjh‰ pIL¡I

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ**

৬৩, নেতাজী সুভাষ রোড, জেসপ বিল্ডিং, কলকাতা-700001

**fœ¡^ : 3509(26)/BI.¢X/J/¢X.¢f.Hg/1C-1/2008** **a¡¢IM : 02/06/2009**

প্রেরক : **ড: মানবেন্দ্রনাথ রায়, fd¡e p¢Qh**

f¡fL : **1z pi¡¢df¢a, LQ ¢hq¡I/Smf¡C...¢s/EšI ¢ce¡SfI/c¢rZ ¢ce¡SfI/j¡mc¡/j¢nc¡h¡c/h£Ii j/h¡Ls¡/ পুরুলিয়া/পশ্চিম মেদিনীপুর/পূর্ব মেদিনীপুর/দক্ষিণ ২৪-fINZ¡/ec£u¡ জেলা পরিষদ**

**২। জেলা শাসক, LQ ¢hq¡I/Smf¡C...¢s/EšI ¢ce¡SfI/c¢rZ ¢ce¡SfI/j¡mc¡/j¢nc¡h¡c/h£Ii j/h¡Ls¡/ পুরুলিয়া/পশ্চিম মেদিনীপুর/পূর্ব মেদিনীপুর/দক্ষিণ ২৪-fINZ¡/ec£u¡**

**বিষয় : পঞ্চায়েতের প্রতিটি স্তরে সমন্বিত পঞ্চায়েত পরিকল্পনা প্রক্রিয়া সুনিশ্চিত করার লক্ষ্যে কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ**

jq¡nu¡ / jq¡nu,

পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন অনুসারে স্থানীয় সরকার হিসাবে পঞ্চায়েতের তিনটি স্তরকেই অর্থনৈতিL Eæue J সামাজিক সুরক্ষা সুনিশ্চিত করার লক্ষ্যে সমন্বিত পরিকল্পনা রচনার জন্য প্রয়োজনীয় দায়িত্ব ও ক্ষমতা দেওয়া হয়েছে । পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন অনুসারে প্রতিটি গ্রাম পঞ্চায়েত উপ-সমিতি ভিত্তিক সমন্বিত গ্রাম পঞ্চায়েত পরিকল্পনা ও বাজেট এবং প্রতিটি পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদ স্থায়ী সমিতি ভিত্তিক সমন্বিত পরিকল্পনা ও বাজেট তৈরি করতে বাধ্য । এই প্রেক্ষিতে এই বিভাগ থেকে সমন্বিত পরিকল্পনা রচনার জন্য একটি আদেশনামা [স্মারক সংখ্যা : ২৬৩৪/আর.ডি./ও/ ¢X.¢f.Hg./1C-১/২০০৮ তাং ১৬/৪/২০০৯] দেওয়া হয়েছে । আপনার অবগতি ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য আদেশনামাটি এই পত্রের সঙ্গে সংযোজিত হল [**সংযোজনী-1**] । এই আদেশনামার সঙ্গে একটি বিস্তারিত নির্দেশিকাও দেওয়া হয়েছে, বর্তমানে সেইটি ছাপার কাজ চলছে, ইতিমধ্যে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ওয়েবসাইটে এই নির্দেশিকাটি দেওয়া রয়েছে । ওয়েবসাইট থেকে নির্দেশিকাটি ডাউনলোড করে সংশ্লিষ্ট সকলকে দেওয়ার এবং পড়ার জন্য অনুরোধ জানাই । এই পরিপ্রেক্ষিতে আপনার জেলার সকল গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদে সমন্বিত পঞ্চায়েত পরিকল্পনা রচনার বিষয়টি সুনিশ্চিত করার জন্য নিম্নলিখিত কয়েকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানাই ।

2z পঞ্চায়েতের সকল স্তরে সমন্বিত পরিকল্পনা রচনার কাজটি সুনি¢Ÿ0Qa LI¡I Se£ pLm ¢eh¡¢Qa f¢a¢e¢d J সংশ্লিষ্ট আধিকারিকদের এই বিষয়ে সক্ষমতা বৃদ্ধি আবশ্যক । এই বিষয়ে সমন্বিত পরিকল্পনা রচনা সংক্রান্ত নির্দেশিকার দশম অধ্যায়েও বিস্তারিত আলোচনা করা হয়েছে । এই পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সমন্বিত পঞ্চায়েত পরিকল্পনা প্রক্রিয়াকে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়ার জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলি নেওয়া জরুরি ।

(L) সমন্বিত গ্রাম পঞ্চায়েত পরিকল্পনা, সমন্বিত পঞ্চায়েত সমিতি পরিকল্পনা ও সমন্বিত জেলা পরিষদ পরিকল্পনার জন্য প্রথমে লোকশিক্ষা সঞ্চারের মাধ্যমে এবং তারপর প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ।

(M) সমন্বিত পরিকল্পনার উদ্দেশ্যে স্থানীয় স্তরে ধারাবাহিক ও বিশেষ প্রশিক্ষণ এবং প্রয়োজনে হাতে-ধরে সহায়তা ।

(L) **সমন্বিত গ্রাম পঞ্চায়েত পরিকল্পনার জন্য বিশেষ পদক্ষেপ :** আপনার জেলা সহ যে ১৩টি জেলায় গ্রামীণ বিকেন্দ্রীকরণ প্রক্রিয়া ও কর্মসূচির কাজ চলছে সেই সকল জেলায় নির্বাচিত গ্রাম পঞ্চায়েতগুলিতে গিয়ে গিয়ে গ্রাম pwpc f¢IL0fe¡ ¢i¢šL pj¢ea Nাম পঞ্চায়েত পরিকল্পনা রচনার জন্য ইতিমধ্যেই নিবিড় সহায়তা দেওয়া হচ্ছে । অন্যান্য গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্লকে সব কয়টি গ্রাম পঞ্চায়েতের নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে সমন্বিত গ্রাম পঞ্চায়েত পরিকল্পনা সংক্রান্ত বিষয়ে তাদের সক্ষমতা বৃদ্ধির কাজটি করবেন গ্রামীণ বিকেন্দ্রীকরণ শাখার জেলা

স্তরের সঞ্চালকগণ । বিশেষ প্রয়োজনে তারা ওই গ্রাম পঞ্চায়েতগুলিতে গিয়ে হাতে-ধরে সহায়তা দিতে পারেন বা কাজের অগ্রগতি পর্যালোচনা করতে পারেন ।

(M) **সমন্বিত পঞ্চায়েত সমিতি পরিকল্পনার জন্য বিশেষ পদক্ষেপ :** একই ভাবে সকল পঞ্চায়েত সমিতিগুলিকে স্থায়ী সমিতি ভিত্তিক সমন্বিত পরিকল্পনা রচনার কাজে প্রয়োজনীয় ও ধারাবাহিক সহায়তা দেওয়ার উদ্দেশ্যে জেলা পরিষদ স্তরে একটি পঞ্চায়েত পরিকল্পনার জন্য জেলা সম্পদ দল (District Resource Person for Panchayat Planning - DRPPP) গঠন করা আবশ্যক । জেলা পরিষদের প্রাক্তন কর্মাধ্যক্ষ, জেলা স্তরের অবসরপ্রাপ্ত আধিকারিক, স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধি, UCÉ¡Ni J pj¡Sjeú hÉ¢š² - Hje 8-১০কে নিয়ে এই সম্পদ দল গঠন করা আবশ্যক । এক্ষেত্রে প্রশিক্ষক হিসাবে কাজ করার অভিজ্ঞতা রয়েছে, এই ধরনের কাজে আগ্রহী এবং এই কাজের জন্য নিয়মিত সময় দিতে পারবেন এমন ব্যক্তিদেরই জেলা সম্পদ দলের সদস্য হিসাবে নির্বাচিত করা বাঞ্ছনীয় । এই জেলা সম্পদ দলের সদস্যদের কয়েকটি ছোট দলে ভাগ করে প্রত্যেককে ১-২টি করে পঞ্চায়েত সমিতির দায়িত্ব দেওয়া আবশ্যক, যাতে তারা প্রয়োজনে ওই পঞ্চায়েত সমিতিতে গিয়ে হাতে-ধরে সহায়তা দিতে পারেন বা কাজের অগ্রগতি পর্যালোচনা করতে পারেন । এই দলের সদস্যদের সক্ষমতা বৃদ্ধির জন্য রাজ্য স্তর থেকে বিশেষ উদ্যোগ নেওয়া হবে ।

(N) **সমন্বিত জেলা পরিষদ পরিকল্পনার জন্য বিশেষ পদক্ষেপ :** সমন্বিত জেলা পরিষদ পরিকল্পনা রচনার কাজে জেলা পরিষদগুলিকে রাজ্য স্তর থেকে বিশেষ সহায়তা দেওয়া হবে । এর জন্য রাজ্য স্তর থেকে প্রতিটি জেলা পরিষদে ২ সদস্যের এক বিশেষজ্ঞ দল (State Resource Person for Panchayat Planning - SRPPP)গিয়ে প্রয়োজনীয় সহায়তা দেবেন । এর পাশাপাশি লোকশিক্ষা সঞ্চারের মাধ্যমেও ধারাবাহিক ভাবে প্রশিক্ষণ দেওয়া হবে ।

3z সমন্বিত পঞ্চায়েত পরিকল্পনা প্রক্রিয়ার অগ্রগতি নিয়মিত তদারকির জন্য জেলা পরিষদে পঞ্চায়েত পরিকল্পনা নামে একটি বিশেষ শাখা (Panchayat Planning Cell) গঠন করতে হবে । জেলা পরিষদের সভাধিপতি ও জেলা শাসক তথা জেলা পরিষদের নির্বাহী আধিকারিকের নেতৃত্বে এবং অতিরিক্ত নির্বাহী আধিকারিকের প্রত্যক্ষ তত্ত্বাবধানে এই শাখা কাজ করবেন । পঞ্চায়েত পরিকল্পনা সংক্রান্ত কাজে জেলা পরিষদের নির্বাহী আধিকারিককে প্রয়োজনীয় সহায়তা দেওয়ার জন্য এই বিভাগ থেকে প্রতিটি জেলা পরিষদে একজন করে জেলা পরিকল্পনা সহায়তা সঞ্চালক (DPFC) নিযুক্ত করা হয়েছে । ইতিমধ্যেই অধিকাংশ জেলাতেই এই সঞ্চালকগণ কাজে যোগ দিয়েছেন, বাকি জেলাগুলিতে কিছুদিনের মধ্যেই যোগ দেবেন । এছাড়াও প্রতিটি পঞ্চায়েত পরিকল্পনা শাখায় চুক্তির ভিত্তিতে একজন করে ডেটা এন্ট্রি অপারেটর নিয়োগ করার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে । এই শাখায় কাজ করার জন্য জেলা পরিষদের পক্ষ থেকে একজন উপযুক্ত করণিক ও একটি কম্পিউটারের ব্যবস্থা করার জন্য আপনাকে বিশেষ অনুরোধ জানাই । এই শাখার কাজ হবে জেলার প্রতিটি গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির পরিকল্পনা সংক্রান্ত কাজের অগ্রগতি পর্যালোচনা করে এই বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য এবং সমন্বিত জেলা পরিষদ পরিকল্পনা রচনার কাজে জেলা পরিষদকে সহায়তা দেওয়া । এর পাশাপাশি সমন্বিত পঞ্চায়েত পরিকল্পনা প্ল্যানপ্লাস (PlanPlus)-H লেখা এবং জেলা পরিকল্পনা আধিকারিক সহ অন্যান্য pw¢nø B¢dL¡¢IL ও রাজ্য স্তরের সঙ্গে প্রয়োজনীয় সমন্বয় সাধন করা ।

4z সমন্বিত পরিকল্পনার প্রয়োজনীয়তা ও গুরুত্ব সম্বন্ধে এলাকার সকল গ্রামবাসীকে সচেতন করার জন্য জেলা পরিষদের পক্ষ থেকে ব্যাপক প্রচারের উদ্যোগ নেওয়া আবশ্যক । ইতিমধ্যেই গ্রামীণ বিকেন্দ্রীকরণ প্রক্রিয়া ও কর্মসূচির আওতায় ১৩টি জেলার যে সকল গ্রাম পঞ্চায়েতে সমন্বিত পরিকল্পনা প্রক্রিয়ার কাজ চলছে সেখানে গিয়েও এই প্রক্রিয়ার নানান দিক সম্বন্ধে আরো গভীর ভাবে জানার জন্য বিশেষ উদ্যোগ নেওয়া যেতে পারে ।

5z এই প্রেক্ষিতে নিম্নলিখিত পদক্ষেপগুলি নেওয়ার জন্য আপনাকে বিশেষ অনুরোধ জানাই ।

(L) এই পত্রের ২(P) অনুচ্ছেদ অনুসারে পঞ্চায়েত পরিকল্পনার জন্য জেলা সম্পদ দলের সদস্য নির্বাচন করে তাদের নাম ও পদ সহ সদস্যদের তালিকা আগামী ১৫ই জুনের মধ্যে এই বিভাগে পাঠাতে হবে ।

(M) জেলা পরিষদে একটি পঞ্চায়েত পরিকল্পনা শাখা গঠন করার ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে ।

(N) Hই শাখায় জেলা পরিকল্পনা সহায়তা সঞ্চালকের সঙ্গে কাজ করার জন্য জেলা পরিষদের পক্ষ থেকে একজন উপযুক্ত করণিককে যুক্ত করতে হবে এবং একটি কম্পিউটারের ব্যবস্থা করতে হবে ।

6z আশা করি বিষয়টির গুরুত্ব অনুধাবন করে আপনি অবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন । এই বিষয়ে কোনও ব্যাখ্যা বা তথ্যের প্রয়োজন হলে রাজ্য কর্মসূচি সঞ্চালক, গ্রামীণ বিকেন্দ্রীকরণ ও পদাধিকারবলে যুগ্ম সচিব শ্রী দিলীপ কুমার পালের সঙ্গে যোগাযোগ করতে পারেন । শ্রদ্ধা ও শুভেচ্ছা সহ

B fe¡I ¢hnÙ,

(মানবেন্দ্র নাথ রায়)

**fœ¡ˆ : 3509(26)/1(586)/BI.¢X/J/¢X.¢f.Hg/1C-1/2008** **a¡¢IM : 02/06/2009**

অবগতি ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য প্রতিলিপি দেওয়া হল :

1. কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন অধিকার z
2. A¢a¢lš² ¢eh¡q£ B¢dL¡¢IL, LQ ¢hq¡I/Smf¡C…¢s/Ešl ¢ce¡Sfl/c¢rZ ¢ce¡Sfl/j¡mc¡/j¤nc¡h¡c/h£li j/ বাঁকুড়া/পুরুলিয়া/পশ্চিম মেদিনীপুর/পূর্ব মেদিনীপুর/দক্ষিণ ২৪-flNZ¡/ec£u¡ জেলা পরিষদ z
3. jqLj¡ n¡pL, ........................................................................ z
4. জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, LQ ¢hq¡I/Smf¡C…¢s/Ešl ¢ce¡Sfl/c¢rZ ¢ce¡Sfl/j¡mc¡/j¤nc¡h¡c/ বীরভূম/বাঁকুড়া/পুরুলিয়া/পশ্চিম মেদিনীপুর/পূর্ব মেদিনীপুর/দক্ষিণ ২৪-flNZ¡/ec£u¡ z
5. জেm¡ f¢lL͸fe¡ B¢dL¡¢IL, LQ ¢hq¡I/Smf¡C…¢s/Ešl ¢ce¡Sfl/c¢rZ ¢ce¡Sfl/j¡mc¡/j¤nc¡h¡c/h£li j/ বাঁকুড়া/পুরুলিয়া/পশ্চিম মেদিনীপুর/পূর্ব মেদিনীপুর/দক্ষিণ ২৪-flNZ¡/ec£u¡ z
6. জেলা সঞ্চালক, গ্রামীণ বিকেন্দ্রীকরণ কর্মসূচি সঞ্চালন শাখা, LQ ¢hq¡I/Smf¡C…¢s/Ešl ¢ce¡Sfl/c¢rZ ¢ce¡Sfl/ j¡mc¡/j¤nc¡h¡c/h£li j/ বাঁকুড়া/পুরুলিয়া/পশ্চিম মেদিনীপুর/পূর্ব মেদিনীপুর/দক্ষিণ ২৪-flNZ¡/ec£u¡ z
7. সভাপতি, ....................................................................... পঞ্চায়েত সমিতি z
8. pj¢ø Eæue B¢dL¡¢IL, .............................................................................................. । আপনার ব্লকের সব কয়টি গ্রাম পঞ্চায়েতের প্রধানকে এই চিঠির প্রতিলিপি দেওয়ার জন্য বিশেষ অনুরোধ জানাই ।
9. n£/n£ja£ ................................................................................................................ z

(মানবেন্দ্র নাথ রায়)